"ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট"

একই স্মারক ও তারিখ দ্বারা প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কারওয়ান বাজার, ঢাকা
www.dgfp.gov.bd

স্মারক নং- ৫৯.১১.০০০০.১৫২.২৩.০০৪.২২-১৫৪২

তারিখ: ০৭/০৫/২০২৩ খ্রি:

## পরিপত্র

পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২৮ আগস্ট ২০১২ তারিখের ১৯(পরিদর্শন)০১(বিবিধ)/২০১২/১৩৬৩ নং স্মারকে জারিকৃত পরিপত্রের সংশোধন ও পরিমার্জনপূর্বক মাঠ পর্যায়ে সেবা কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়নের জন্য দায়িত্ব নিম্নরূপভাবে পুন:নির্ধারণ করা হলো:

| ক্র: নং | কর্মকর্তাদের পদবী | পরিদর্শন প্রমাপ |
|---|---|---|
| ১। | পরিচালক/লাইন ডাইরেক্টর পরিবার পরিকল্পনা অধিদপ্তর | প্রতিমাসে কমপক্ষে ১ টি জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ১টি মা ও শিশু কল্যাণ কেন্দ্র (MCWC), ১টি আঞ্চলিক/উপজেলা পণ্যাগার, ১টি উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ২টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (UH&FWC), ১টি কমিউনিটি ক্লিনিক (CC) এবং ১টি বেসরকারি প্রতিষ্ঠানের (NGO) কার্যক্রম পরিদর্শন করবেন। |
| ২। | বিভাগীয় পরিচালক পরিবার পরিকল্পনা | প্রতিমাসে তাঁর বিভাগের আওতাধীন কমপক্ষে ১ টি জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ১টি MCWC, ২টি উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ১টি আঞ্চলিক/উপজেলা পণ্যাগার, ২টি UH&FWC, ১টি CC এবং ১টি বেসরকারি প্রতিষ্ঠানের (NGO) কার্যক্রম পরিদর্শন করবেন ও অধ:স্তন কর্মকর্তা/কর্মচারীদের যাচাইকৃত উপাত্ত হতে কমপক্ষে ১০ (দশ) জন পদ্ধতি গ্রহীতার উপাত্ত যাচাই করবেন। |
| ৩। | উপপরিচালক পরিবার পরিকল্পনা | প্রতিমাসে তাঁর জেলার আওতাধীন কমপক্ষে ২ টি উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ১টি MCWC, ১টি আঞ্চলিক/উপজেলা পণ্যাগার, ২টি উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ২টি UH&FWC, ২টি স্যাটেলাইট ক্লিনিক, ২টি CC এবং ১টি বেসরকারি প্রতিষ্ঠানের (NGO) কার্যক্রম পরিদর্শন করবেন ও অধ:স্তন কর্মকর্তা/কর্মচারীদের যাচাইকৃত উপাত্ত হতে কমপক্ষে ২০ (বিশ) জন পদ্ধতি গ্রহীতার উপাত্ত যাচাই করবেন। |
| ৪। | সহকারী পরিচালক পরিবার পরিকল্পনা | প্রতিমাসে তাঁর জেলার আওতাধীন কমপক্ষে ২টি উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ১টি আঞ্চলিক/উপজেলা পণ্যাগার, ২টি UH&FWC, ২টি স্যাটেলাইট ক্লিনিক, ২টি CC এবং ১টি বেসরকারি প্রতিষ্ঠানের (NGO) কার্যক্রম পরিদর্শন করবেন ও অধ:স্তন কর্মকর্তা/কর্মচারীদের যাচাইকৃত উপাত্ত হতে কমপক্ষে ২০ (বিশ) জন পদ্ধতি গ্রহীতার উপাত্ত যাচাই করবেন। |
| ৫। | সহকারী পরিচালক ক্লিনিক্যাল কন্ট্রাসেপশেন | তাঁর নির্ধারিত কাজের পাশাপাশি কমপক্ষে ২টি উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ১টি আঞ্চলিক/উপজেলা পণ্যাগার, ২টি UH&FWC, ২টি স্যাটেলাইট ক্লিনিক, ২টি CC এবং ১টি বেসরকারি প্রতিষ্ঠানের (NGO) কার্যক্রম পরিদর্শন করবেন ও অধ:স্তন কর্মকর্তা/কর্মচারীদের যাচাইকৃত উপাত্ত হতে কমপক্ষে ২০ (বিশ) জন পদ্ধতি গ্রহীতার উপাত্ত যাচাই করবেন এবং প্রয়োজন অনুযায়ী স্থায়ী/দীর্ঘমেয়াদী পদ্ধতি ক্যাম্প সংগঠন ও অপারেটিং সার্জন হিসেবে দায়িত্ব পালন করবেন। |
| ৬। | মেডিকেল অফিসার ক্লিনিক্যাল কন্ট্রাসেপশেন | তাঁর নির্ধারিত কাজের পাশাপাশি কমপক্ষে ২টি উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ১টি আঞ্চলিক/উপজেলা পণ্যাগার, ২টি UH&FWC, ২টি স্যাটেলাইট ক্লিনিক, ২টি CC এবং ১টি বেসরকারি প্রতিষ্ঠানের (NGO) কার্যক্রম পরিদর্শন করবেন ও অধ:স্তন কর্মকর্তা/কর্মচারীদের যাচাইকৃত উপাত্ত হতে কমপক্ষে ২০ (বিশ) জন পদ্ধতি গ্রহীতার উপাত্ত যাচাই করবেন এবং প্রয়োজন অনুযায়ী স্থায়ী/দীর্ঘমেয়াদী পদ্ধতি ক্যাম্প সংগঠন ও অপারেটিং সার্জন হিসেবে দায়িত্ব পালন করবেন। |
| ৭। | রিজিওনাল/ডিস্টিক্ট্র কনসালট্যান্ট (এফপিসিএস-কিউআইটি) | লাইন ডাইরেক্টর, সিসিএসডিপি স্বাক্ষরিত পপত্র/ সিসিএসডিপি/ক্র-৩০৯/(অংশ-২)২০১৮/৩৬০১, তারিখ-৩১/০৭/২০১৯ স্মারকের পরিপত্র অনুযায়ী দায়িত্ব পালন করবেন। |
| ৮। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | প্রতিমাসে তাঁর উপজেলাধীন কমপক্ষে ২ টি ইউনিয়নে মাঠকাজ তদারকি, ২টি UH&FWC, ২টি স্যাটেলাইট ক্লিনিক, ২টি CC এবং ১টি বেসরকারি প্রতিষ্ঠানের (NGO) কার্যক্রম পরিদর্শন করবেন। এছাড়াও প্রতিমাসে ১টি ইউনিয়ন পরিবার পরিকল্পনা কমিটির মাসিক সভায়, ১টি ইউনিয়নের পাক্ষিক/মাসিক সভায় সার্বক্ষণিক উপস্থিত থেকে মাঠ কর্মীদের দিক নির্দেশনা প্রদানসহ অধ:স্তন কর্মীদের যাচাইকৃত উপাত্ত হতে কমপক্ষে ২০ (বিশ) জন পদ্ধতি গ্রহীতার উপাত্ত যাচাই করবেন। |

| | | |
|---|---|---|
| ৯। | মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) | পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য সেবা প্রদানের পাশাপাশি প্রতিমাসে কমপক্ষে ২ টি ইউনিয়নে মাঠকাজ তদারকি, ২টি UH&FWC, ১টি স্যাটেলাইট ক্লিনিক, ১টি CC এবং ১টি বেসরকারি প্রতিষ্ঠানের (NGO) কার্যক্রম পরিদর্শন করবেন। এছাড়াও প্রতিমাসে ১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিচালনা কমিটির মাসিক সভায়, ১টি ইউনিয়নের পাক্ষিক/মাসিক সভায় সার্বক্ষণিক উপস্থিত থেকে মাঠ কর্মীদের দিক নির্দেশনা প্রদানসহ অধঃস্তন কর্মীদের যাচাইকৃত উপাত্ত হতে কমপক্ষে ২০ (বিশ) জন পদ্ধতি গ্রহীতার উপাত্ত যাচাই করবেন। |
| ১০। | সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | প্রতিমাসে কমপক্ষে ২ টি ইউনিয়নে মাঠকাজ তদারকি, ২টি UH&FWC, ২টি স্যাটেলাইট ক্লিনিক, ২টি CC এর কার্যক্রম পরিদর্শন করবেন। এছাড়াও প্রতিমাসে ১টি ইউনিয়নের পাক্ষিক/মাসিক সভায় সার্বক্ষণিক উপস্থিত থেকে মাঠ কর্মীদের দিক নির্দেশনা প্রদানসহ অধঃস্তন কর্মীদের যাচাইকৃত উপাত্ত হতে কমপক্ষে ২০ (বিশ) জন পদ্ধতি গ্রহীতার উপাত্ত যাচাই করবেন। তিনি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এবং সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি) এর কর্মসূচির সাথে সমন্বয় করে পরিদর্শন করবেন। |
| ১১। | সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি) | প্রতিমাসে কমপক্ষে ২ টি ইউনিয়নে মাঠকাজ তদারকি, ২টি UH&FWC, ৩টি স্যাটেলাইট ক্লিনিক, ২টি CC এর কার্যক্রম পরিদর্শন করবেন। এছাড়াও প্রতিমাসে ১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিচালনা কমিটির মাসিক সভায়, ১টি ইউনিয়নের পাক্ষিক/মাসিক সভায় সার্বক্ষণিক উপস্থিত থেকে মাঠ কর্মীদের দিক নির্দেশনা প্রদানসহ অধঃস্তন কর্মীদের যাচাইকৃত উপাত্ত হতে কমপক্ষে ২০ (বিশ) জন পদ্ধতি গ্রহীতার উপাত্ত যাচাই করবেন। তিনি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এবং সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি) এর কর্মসূচির সাথে সমন্বয় করে পরিদর্শন করবেন। তিনি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এবং সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এর কর্মসূচির সাথে সমন্বয় করে পরিদর্শন করবেন। |
| ১২। | উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার | চলমান কার্যক্রমের পাশাপাশি প্রতি সপ্তাহে সংশ্লিষ্ট ইউনিয়নের ১টি মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে স্বাস্থ্য শিক্ষা সেশন ও UH&FWC-তে সপ্তাহে ২দিন স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম পরিচালনা করবেন। বিদ্যালয়ে স্বাস্থ্য শিক্ষা সেশন শেষে প্রধান শিক্ষকের নিকট হতে প্রমাণক হিসেবে প্রত্যয়ন সংগ্রহ করবেন এবং উর্দ্ধতন কর্মকর্তাদের পরিদর্শনকালে পেশ করবেন। |
| ১৩। | পরিবার পরিকল্পনা পরিদর্শক | প্রতিমাসে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে মাসিক সভায় উপস্থিত থাকা ছাড়াও প্রতি ২ মাস অন্তর ইউনিয়ন পরিবার পরিকল্পনা কমিটির সভা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের কর্মীদের নিয়ে মাসিক ও পাক্ষিক সভা অনুষ্ঠান করবেন। এছাড়াও তিনি প্রতিমাসে ২টি উঠান বৈঠক ও ২টি স্যাটেলাইট ক্লিনিকে উপস্থিত থাকবেন। প্রতি পরিবার কল্যাণ সহকারীর রেজিষ্টারভূক্ত কমপক্ষে ২০ (বিশ) জন পদ্ধতি ব্যবহারকারীর বাড়ীতে গিয়ে বাস্তব অবস্থা যাচাই করবেন এবং তাদের কার্যক্রম পর্যবেক্ষণ ও কাজে সহায়তা করবেন। এছাড়া পরিবার কল্যাণ সহকারীদের কমিউনিটি ক্লিনিকে নিয়মিত উপস্থিতি নিশ্চিত করবেন এবং প্রতিমাসে এ সংক্রান্ত একটি প্রতিবেদন উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার নিকট দাখিল করবেন। |

১. মাঠ পর্যায়ে সকল কর্মকর্তা তাদের মাসিক পরিদর্শন প্রতিবেদন পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে উপপরিচালকের নিকট প্রেরণ করবেন, উপপরিচালকগণ প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদন সংকলন করে ১০ তারিখের মধ্যে বিভাগীয় পরিচালকের নিকট প্রেরণ করবেন এবং বিভাগীয় পরিচালক, উপপরিচালকদের নিকট হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে ১৫ তারিখের মধ্যে অধিদপ্তরের ফোকাল পার্সন জনাব আবু নছর মোহাম্মদ কদর উদ্দিন, উপপরিচালক (লিভ রিজার্ভ), প্রশাসন ইউনিট এর নিকট (ই-মেইল: admdgfp@gmail.com) ও মহাপরিচালকের নিকট (ই-মেইল: dg@dgfp.gov.bd) প্রেরণ করবেন।

২. জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ একই কর্মস্থলের কর্মকর্তাদের সাথে পরস্পর সমন্বয়ের মাধ্যমে কর্মসূচি প্রণয়ন করে পরিদর্শন নিশ্চিত করবেন এবং তাদের উপর অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

৩. পরিদর্শনকারী কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে ভ্রমণ বিলের সাথে ভ্রমণ বিবরণী ও পরিদর্শন প্রতিবেদন সংযুক্ত করবেন।

জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল এবং জারীর দিন হতে কার্যকরী হবে।

৭.৫.২৩

(সাহান আরা বানু, *এনডিসি*)
মহাপরিচালক (গ্রেড-১)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

স্মারক নং-৫৯.১১.০০০০.১৫২.২৩.০০৪.২২-১৫৪২/১(১৬৭৬) তারিখ ঃ ০৭/০৫/২০২৩ খ্রিঃ

বিতরণ: কার্যকর ব্যবস্থা গ্রহণ ও প্রমাপ অনুযায়ী পরিদর্শন নিশ্চিত করার লক্ষ্যে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. পরিচালক/ লাইন ডাইরেক্টর (সকল) ......................................, অত্র অধিদপ্তর।
২. বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা), (সকল)................. বিভাগ।
৩. উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা), (সকল)........................জেলা।
৪. সহকারী পরিচালক (পপ/সিসি), (সকল).......................জেলা।
৫. রিজিওনাল/ডিস্ট্রিক্ট কনসালট্যান্ট (এফপিসিএস-কিউআইটি), (সকল).......................জেলা।
৬. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ এমও ( এমসিএইচ-এফপি), (সকল).......................উপজেলা..........জেলা।
৭. সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা ( এমসিএইচ-এফপি), (সকল).......................উপজেলা..........জেলা।
৮. পরিবার পরিকল্পনা পরিদর্শক (সকল)................ইউনিয়ন..................উপজেলা..................জেলা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২. ব্যবস্থাপনা পরিচালক, কমিউনিটি ক্লিনিক ট্রাস্ট, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

০৭/০৫/২০২৩

(আবু তাহের মোঃ সানাউল্লাহ নূরী)
উপপরিচালক (পার্সোনেল)
ফোন: ৫৫০১২৩৪৩